

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পাঁচ ওয়াক্ত সালাত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিবরাঈল আলাইহিস সালাম থেকে গ্রহণ করেছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الصَّلَوَاتِ الْخَمْسَ أَخَذَهَا مُحَمَّدٌ عَنْ جِبْرِيلَ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِمَا

আরবী

1446 ـ أَخْبُرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ مِنْ كِتَابِهِ قَالَ: حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلُيْمَانَ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي أُسَامَةُ بْنُ زَيْدِ أَنَّ ابْنَ شِهَابِ أَخْبَرَهُ: أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ كَانَ قَاعِدًا عَلَى الْمِنْبَرِ فَاخَر الصلاة شَيئاً فقال عروة ابن الزُّبَيْرِ: أَمَا إِنَّ جِبْرِيلَ قَدْ أَخْبَرَ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَقْتِ الصَّلَاةِ فَقَالَ لَهُ عُمَرُ: اعْلَمْ مَا عَوُونَةُ: سَمِعْتُ بَشِيرَ بْنَ أَبِي مَسْعُود يَقُولُ: سَمِعْتُ أَبًا مَسْعُود الْأَنْصَارِيَّ بُوقَتُ لَكُولُ السَّامِةِ فَمَلَانِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَعْرِي الْمَعْرِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَعْرِي الْعَصْرَ وَلَا الشَّمْسُ وَيُطُلِي الْمَعْرِي الْمَعْرِبَ حِينَ تَسْقُطُ الشَّمْسُ وَيُطَيِّ الْعَلَى الْعَلَى الْمَعْرِبَ عِينَ يَسْوَدُ الْأَفُقُ وَرُأَيْمَا أَخْرَهُ حَتَّى يَجْتَمِعَ النَّاسُ وَصَلَّى الصَّبْحَ مَرَّةً بِغَلَسٍ وَصَلَّى الْعَشَاءَ عَيْنَ يَسْوَدُ الْأَنْفُقُ وَرُبُّمَا أُخْرَى فَأَسْفَرَ بِهَا ثُمَّ كَانَتْ صَلَلْ مَالَوْلَسَ حَتَّى مَاتَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى الْمُؤْرِ.

الراوي: عُرْوَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1446 | خلاصة حكم المحدث: صحيح.



বাংলা

১৪৪৬. ইবনু শিহাব যুহরী রহিমাহুল্লাহ বলেন, "একবার উমার বিন আব্দুল আযীয় রহিমাহুল্লাহ মিম্বারে বসে ছিলেন, অতঃপর তিনি আসরের সালাত কিছুটা বিলম্বে আদায় করেন, তখন উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "জেনে রাখুন, জিবরাঈল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাতের সময় সম্পর্কে অবহিত করেন।" তখন উমার বিন আব্দুল আযীয় রহিমাহুল্লাহ বলেন, "হে উরওয়া (রাদ্বিয়াল্লাহু আনহু), আপনি ভেবে দেখুন যে, আপনি কী বলছেন!" জবাবে তিনি বলেন, "আমি বাশীর বিন আবী মাস'উদকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি আবু মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "জিবরাঈল অবতরণ করেন অতঃপর আমাকে সালাত আদায় করার সময় সম্পর্কে অবহিত করেন। অতঃপর আমি তাঁর সাথে সালাত আদায় করি। তারপর আবার তাঁর সাথে সালাত আদায় করি।" তিনি আঙ্গুল দিয়ে পাঁচবার গণনা করেন। এছাড়াও আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার সময় যোহরের সালাত আদায় করতে দেখেছি। আবার প্রচন্ড হলে কোন কোন সময় যোহরের সালাত পিছিয়ে পড়েছেন। আমি তাঁকে আসরের সালাত আদায় করতে দেখেছি যখন সূর্য উঁচুতে ও সাদা থাকতো; যাতে তখনও লালিমা প্রবেশ করতো না। অতঃপর কোন ব্যক্তি সালাত শেষ করে সূর্য অস্ত যাওয়ার আগেই যুলহুলাইফায় যেতো। তিনি সূর্যাস্তের সময় মাগরিবের সালাত আদায় করতেন। তিনি ইশার সালাত আদায় করতেন যখন পশ্চিম দিগন্ত কালো হয়ে যেতো। আবার কোন কোন সময় লোকজন সমবেত হওয়া পর্যন্ত বিলম্ব করতেন। আর ফজরের সালাত কোন কোন সময় অন্ধকারে আদায় করতেন আবার কখনও ফর্সা হলে আদায় করতেন। তারপর তিনি আমৃত্যু নিয়মিত অন্ধকারে সালাত আদায় করতেন; কখনই আর ফর্সা হলে আদায় করেননি।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩৫২; দারাকুতনী: ১/২৫০; সুনান বাইহাকী: ১/৩৬৩; আবূ দাউদ: ৩৯৪; হাকিম: ১/১৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহর সানাদ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন